



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি কেশব চন্দ্র কলেজ, বিনাইদহ।



কলেজ কোড (শিক্ষা বোর্ড)-6752, কলেজ কোড (জাতীয় বিশ্ববিদ্যালয়)- 0601, কলেজ কোড (মাউশি)- 0216, EIIN-116552

স্থাপিত : ১৯৬০, সরকারিকরণ : ১৯৮০, টেলিফোন : ০২৪৭৭৭৪৬৯১১, ফ্যাক্স : ০২৪৭৭৭৪৬০৪৪, ই-মেইল : [govtk.c.collegejhenidah@gmail.com](mailto:govtk.c.collegejhenidah@gmail.com), ওয়েব সাইট : [www.kccollege.edu.bd](http://www.kccollege.edu.bd)

স্মারক নং-স.কে.চ.ক.বি/২০২৩/

তারিখ:

**২০২৩ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি :**

২০২৩ সালের ডিগ্রি (পাস) (বিএ/বিএসএস/বিবিএস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে পরীক্ষায় প্রাইভেট শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলো :

১। আবেদন ফরম সংগ্রহ :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইটের ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর মাধ্যমে অনলাইনে প্রাইভেট রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করে আগামী ২০/১২/২০২৩খ্রি. তারিখ থেকে ০৯/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ১০:০০টা থেকে ১:০০ টা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতীত) অফিসে জমা দিতে হবে। এ সংক্রান্ত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

খ) ফিসের পরিমাণ :

নিবন্ধন ফিস	আবেদন ফি	বিবিধ	ব্যবস্থাপনা	ইনকোর্স ফি	সর্বমোট
৪৮৫.০০	২৫০.০০	১০০.০০	৫০.০০	৬০০.০০	১৪৮৫.০০

২। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা:

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ্ঞ বিশ্ববিদ্যালয় হতে ২০২১ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ৪র্থ বিষয় সহ জিপিএ ২.০০ অথবা সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ সনাতন পদ্ধতিতে ৪০% নম্বর প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

খ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীরা প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

গ) বিষয়সমূহঃ বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক) দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা। প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে শিক্ষার্থীরা কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।

ঘ) যে সকল বিষয়ে মার্কম বা ব্যবহারিক আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

ঙ) স্নাতক পর্যায়ে বর্তমানে অধ্যয়নরত রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন শিক্ষার্থী ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল পূর্বক ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

৩। ক) পূরণকৃত আবেদন ফরম সহ মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাশের নিবন্ধন কার্ডের ফটোকপি, মূল সনদপত্র ও নম্বরপত্র এবং এর ফটোকপি দাখিল করতে হবে।

খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি দাখিল করতে হবে।

গ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

৪। পাঠ্যক্রম ও পাঠ্যসূচী : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণ ও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

  
অধ্যক্ষ

সরকারি কেশব চন্দ্র কলেজ  
বিনাইদহ।

অধ্যক্ষ  
সরকারি কেশব চন্দ্র কলেজ  
বিনাইদহ